www.exambd.net

# ৪০ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ১৩.০৮.২০১০ [কোড : শরৎ]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

০১. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসটির রচয়িতা কে?
ক. বলাইচাঁদ মুখোপাধ্যায় খ. আবু জাফর শামসুদ্দীন
গ. সিকান্দার আবু জাফর ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ্

উত্তর ✓ ঘ — সৈয়দ ওয়ালীউল্লাহর (১৯২২-৭১) কতিপয় উপন্যাস : লালসালু (১৯৪৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪), কাঁদো নদী কাঁদো (১৯৬৮), দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়, রচনা : ১৯৬৩)।

০২. 'দোলন-চাঁপা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. গোলাম মোস্তফা খ. কাজী নজরুল ইসলাম
গ. যতীন্দ্রমোহন বাগচী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর ✓ খ — কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) কতিপয় বিখ্যাত কাব্যগ্রন্থ : অগ্নি-বীণা (১৯২২), দোলন-চাঁপা (১৯২৩), বিষের বাঁশি (১৯২৪), ভাঙার গান (১৯২৪), সাম্যবাদী (১৯২৫), সর্বহারা (১৯২৬), জিঞ্জির (১৯২৮)।

০৩. 'রক্তকরবী' নাটকটির রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. ইব্রাহীম খাঁ

উত্তর ✓ ক — রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় বিখ্যাত নাটক : বিসর্জন (১৮৯১), রাজা (১৯১০), ডাকঘর (১৯১২), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬),রক্তকরবী (১৯২৬), তাসের দেশ (১৯৩৩)।

০৪. কোনটি শুদ্ধ বানান?
ক. আভ্যন্তরীন খ. অভ্যন্তরিণ
গ. অভ্যন্তরীণ ঘ. আভ্যন্তরিণ

উত্তর ✓ গ — কতিপয় শুদ্ধ বানান : ক্ষুণ্ন, শুশ্রূষা, কৌতূহল, ষাণ্মাসিক, চিক্কণ, স্বতঃস্ফূর্ত, দুরবস্থা, বিদ্বান, উননব্বই, হীনম্মন্যতা, অভিশাপ, ঘনিষ্ঠ, সদ্যোজাত, মুমূর্ষু, স্টেশন, মুখস্থ, শারীরিক, ভুবন, সমীচীন, বুভুক্ষু।

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. গৃহিনী খ. গৃহিণী
গ. গৃহীনী ঘ. গৃহিণি

উত্তর ✓ খ — কতিপয় শুদ্ধ বানান : ঊর্ধ্ব, মুহূর্ত, ইতঃপূর্বে, শ্রদ্ধাঞ্জলি, মুমূর্ষু, ঐক্য, করুণ, কৃপণ, উল্লিখিত, অহরহ, একাডেমি।

০৬. 'নাবিক' এর সন্ধিবিচ্ছেদ-
ক. নৌ + ইক খ. ন + ইক
গ. নব + ইকা ঘ. নবৌ + ইক

উত্তর ✓ ক — স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

| | | |
|---|---|---|
| শে + অন = শয়ন | পো + ইত্র = পবিত্র | নৈ + অক = নায়ক |
| গৈ + অক = গায়ক | পৌ + অক = পাবক | পো + অন = পবন |

০৭. 'দুশ্চরিত্র' এর সন্ধিবিচ্ছেদ-
ক. দুশ্চ + চিত্র খ. দুঃ + চরিত্র
গ. দু + চরিত্র ঘ. দুঃ + চরিত

উত্তর ✓ খ — কতিপয় গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি : নিঃ + চল = নিশ্চল; নিঃ + চিন্ত = নিশ্চিন্ত; দুঃ + চিন্তা = দুশ্চিন্তা; নিঃ + চেষ্ট = নিশ্চেষ্ট; নিঃ + চেতন = নিশ্চেতন; নিঃ + চয় = নিশ্চয়।

০৮. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?
ক. ব্যাসবাক্য খ. সমস্ত পদ
গ. সমস্যমান পদ ঘ. সমাসবাক্য

উত্তর ✓ গ — যে যে পদে সমাস হয় তাকে সমস্যমান পদ বলে। যেমন : শোক দ্বারা আকুল = শোকাকুল। এখানে, শোক দ্বারা আকুল = ব্যাসবাক্য, শোক, আকুল = সমস্যমান পদ, শোকাকুল = সমস্তপদ, শোক = পূর্বপদ, আকুল = উত্তর বা পরপদ।

০৯. যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না তাকে বলে-
ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস

উত্তর ✓ ঘ — যে সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক সমাস বলে। যেমন : দুধে-ভাতে, ঘোড়ার ডিম, হাতে-বেড়ি, হাতে-কলমে।

১০. 'ঢাকের কাঠি' বাগ্‌ধারার অর্থ-
ক. সাহায্যকারী খ. তোষামুদে
গ. বাদক ঘ. স্বাস্থ্যহীন লোক

উত্তর ✓ খ — গুরুত্বপূর্ণ কতিপয় বাগ্‌ধারা : তুবড়ি ছোটা (বেশি কথা বলা), বাহাত্তরে ধরা (মতিচ্ছন্ন হওয়া), শিয়রে শমন (আসন্ন মৃত্যু), মান্ধাতার আমল (অতি প্রাচীন কাল), পাথরে পাঁচকিল (প্রবল সৌভাগ্য)।

১১. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা'-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য

উত্তর ✓ খ — 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা **কলম** দিয়ে লেখে। (উপকরণ– কলম)। 'জগতে কীর্তিমান হও সাধনায়।' (উপায়-সাধনা)।

১২. 'নৌকায় নদী পার হলাম' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. সম্প্রদানে ৪র্থী
গ. অপাদানে ৫মী ঘ. অধিকরণে ৭মী

উত্তর ✓ ক — 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : **ফুলে ফুলে** ঘর ভরেছে।

১৩.'আনন্দ' এর সমার্থক শব্দ নয়–
ক. উচ্ছ্বাস খ. উল্লাস
গ. শ্রান্তি ঘ. স্ফুরণ

উত্তর ✓ গ — 'আনন্দ' এর কতিপয় সমার্থক শব্দ : সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ, পুলক, হৃষ্টি, উল্লাস, স্ফূর্তি, ফুর্তি।

১৪. 'অমৃত' এর বিপরীতার্থক শব্দ-
ক. তিক্ত খ. বিষাক্ত
গ. বিরল ঘ. গরল

উত্তর ✓ ঘ — কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| অপ্রতিভ | সপ্রতিভ | অলস | পরিশ্রমী |
| অনুলোম | প্রতিলোম | অগ্রিম | বকেয়া |
| অনুরক্ত | বিরক্ত | অব্যক্ত, গুপ্ত | ব্যক্ত |

www.exambd.net



**১৫. যা কষ্টে লাভ করা যায়-**

ক. অলভ্য　　খ. দুর্লভ
গ. দুর্মর　　ঘ. কষ্টসাধ্য

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ। যা সরোবরে জন্মে- সরোজ, যার যশ আছে- যশস্বী, যার সর্বস্ব খোয়া গেছে- সর্বস্বান্ত, যে শুনেই মনে রাখতে পারে- শ্রুতিধর, যা বলা হবে- বক্তব্য, যে রব শুনে এসেছে- রবাহুত।

**১৬. কোনটি Conjunction?**

ক. or　　খ. very
গ. out　　ঘ. for

উত্তর✓ ক ব্যাখ্যা

| প্রদত্ত অপশন | Parts of Speech (পদ) |
|---|---|
| OR | Conjunction |
| Very | Adverb; Adjective |
| Out | Preposition |
| For | Preposition |

**১৭. কোনটি পুংলিঙ্গ?**

ক. Girl　　খ. Goose
গ. Man　　ঘ. Mare

উত্তর✓ গ ব্যাখ্যা

| Feminine Gender | Masculine Gender |
|---|---|
| Girl (বালিকা) | Boy (বালক) |
| Goose (রাজ হংসী) | Gander (রাজ হংস) |
| Woman (মহিলা) | Man (পুরুষ) |
| Horse (ঘোড়া) | Mare (ঘোটকী) |

**১৮. কোনটি শুদ্ধ বানান?**

ক. Achivement　　খ. Acheivment
গ. Achevement　　ঘ. Achievement

উত্তর✓ ঘ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে সঠিক বানান 'Achievement' (অর্জন, কৃতিত্ব, সম্পাদন)

**১৯. কোনটি শুদ্ধ বানান?**

ক. Ocasion　　খ. Occasion
গ. Ocassion　　ঘ. Occassion


উত্তর✓ খ ব্যাখ্যা সঠিক বানান 'Occasion' (উপলক্ষ্য, ঘটনা)।

**২০. 'We do not like idle people' বাক্যটির passive form হবে-**

ক. Idle people are not liked by us
খ. We are not liked by idle people
গ. Idle people are not like us
ঘ. Idle people are not of our liking

উত্তর✓ ক ব্যাখ্যা Present indefinite tense থাকলে Passive করার নিয়ম:

Active এর object কে subject হিসেবে ব্যবহার + person অনুযায়ী am/is/are+vpp$_3$+by+object (Active এর subject)




**২১. 'They elected him captain' বাক্যের passive form কোনটি?**

ক. He is elected captain by them
খ. He has been elected captain by them
গ. He was elected captain by them
ঘ. He elected captain by them

উত্তর✓ গ ব্যাখ্যা এই ধরনের যুক্ত বাক্যকে passive করতে হলে: 'Indirect Object' কে subject ('him' এর পরিবর্তে 'He') + tense ও person অনুযায়ী 'to be verb' (was) + Vpp/V$_3$ (elected) + factitive object (captain) + by + subject এর object form ('They' এর পরিবর্তে 'Them')। উল্লেখ্য এখানে 'elected' হলো Factive verb এবং captain হলো factive object।

**২২. 'Your offer is acceptable —— me' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. by　　খ. on
গ. for　　ঘ. to

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'গ্রহণযোগ্য' অর্থে 'acceptable' এর appropriate preposition হিসেবে 'to' ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যের অর্থ: তোমার প্রস্তাবটি আমার কাছে গ্রহণযোগ্য।

**২৩. 'Your conduct admits – no excuse' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. for　　খ. at
গ. of　　ঘ. from

উত্তর✓ গ ব্যাখ্যা

| | |
|---|---|
| Admit of | অবকাশ থাকা/ সুযোগ থাকা |
| Admit to | 'ভর্তি হওয়া বা করার ক্ষেত্রে' ব্যবহৃত হয়। |
| Admit at/ for | এই ধরনের ব্যবহার নেই। |
| Your conduct admits of no excuse. তোমার আচরণে অজুহাত/কৈফিয়তের অবকাশ নেই। | |

**২৪. 'The teacher said, "I shall not teach him English" এর indirect speech হচ্ছে-**

ক. The teacher said he would not teach him English
খ. The teacher said he will not teach him English
গ. The teacher said that he will not teach him english
ঘ. The teacher said that he would not teach him English

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'Reporting verb' টি Past tense এর হওয়ায় 'Reported Speech' এর verb 'Shall' এর পরিবর্তে 'would' ব্যবহৃত হবে।

**২৫. 'With open arms' এর অর্থ হচ্ছে-**

ক. Warmly　　খ. With beautiful arm
গ. With long arm　　ঘ. With strong arm

উত্তর✓ ক ব্যাখ্যা কাউকে উষ্ণ অভ্যর্থনা প্রদানের ক্ষেত্রে 'With open arms' phrase টি ব্যবহৃত হয়। 'With open arms' অর্থ 'To greet someone warmly' (কাউকে কোনো দ্বিধা ছাড়াই উষ্ণ অভ্যর্থনা জানানো)। অপশনগুলোর মধ্যে একমাত্র সঠিক উত্তর অপশন (ক)।

**২৬. 'Bring to book'-এর অর্থ হচ্ছে-**

ক. Book written by famous খ. Valueless person
গ. Book which is lost ঘ. Rebuke

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'Bring to book' phrase টির অর্থ হচ্ছে তিরস্কার করা, গালমন্দ করা, শাস্তি দেওয়া।

| প্রদত্ত অপশন | অর্থ |
|---|---|
| Book written by famous writer | বিখ্যাত লেখকের দ্বারা লিখিত কোনো বই |
| Valueless person | মূল্যহীন ব্যক্তি |
| Book which is lost | যে বইটি হারিয়ে গেছে |
| Rebuke | তিরস্কার করা, গালমন্দ দেওয়া, শাস্তি দেওয়া |

**২৭. 'Benefit'-এর synonym হচ্ছে-**

ক. Injury খ. Drawback
গ. Favour ঘ. Basement

উত্তর ✓ গ ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Benefit | উপকার/ উপকার করা। |
| Injury | আঘাত, ক্ষতি, জখম। |
| Drawback | অসুবিধা, সমস্যা, সীমাবদ্ধতা। |
| Favour | আনুকূল্য, অনুগ্রহ, উপকার/ উপকার করা। |
| Basement | বুনিয়াদ, ভিত্তি, বাড়ির সর্বনিম্ন অংশ |

**২৮. 'Encounter'-এর synonym হচ্ছে-**

ক. Concord খ. Battle
গ. Harmony ঘ. Part

উত্তর ✓ খ ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Encounter | সম্মুখীন হওয়া, বিরোধিতা করা, শত্রুর সাথে যুদ্ধ করা। |
| Concord | ঐক্য, মিলন, সংগতি। |
| Harmony | ঐক্য, মিল, সংগতি। |
| Battle | যুদ্ধ/ লড়াই করা। |
| Part | অংশ |

**২৯. কোনটি শুদ্ধ বাক্য?**

ক. There is no room for doubt in it
খ. There is no misunderstanding in it
গ. There is no place for doubt in it
ঘ. There is no suspension in it

উত্তর ✓ ক ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে খ,গ ও ঘ সঠিক নয়। 'সন্দেহের অবকাশ বা স্থান' অর্থে 'no room for doubt' শব্দগুচ্ছটি ব্যবহৃত হয়। 'no misunderstanding', 'no place for doubt', 'no suspension'- এগুলো 'সন্দেহের অবকাশ অর্থে idomatic নয়। প্রদত্ত বাক্যটি দ্বারা বুঝানো হয়েছে যে- 'এটির মধ্যে সন্দেহের অবকাশ বা স্থান' নেই সুতরাং 'There is no room for doubt in it'- প্রথম অপশনটি শুধু সঠিক।

**৩০. কোনটি শুদ্ধ বাক্য**

ক. See the word in the dictinary
খ. Find out the word in the dictionary
গ. Pick up the word in the dictionary
ঘ. Look up the word in the dictionary

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'Dictionary' থেকে 'কোন শব্দ খোঁজা বা খুঁজে বের করা' অর্থে 'Look up' group verb টি ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ)। অপশন (ক), (খ) ও (গ) তে ব্যবহৃত See, find out, pic up – এগুলো সঠিক নয়।

**৩১. a + b = 6 এবং a – b = 3 হলে, ab এর মান কত?**

ক. 2 খ. 4
গ. 5 ঘ. ৩

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$$

$$= \frac{25}{4} - \frac{9}{4} = \frac{16}{4} = 4$$

**৩২. (x + 5) (x – 3) = কত?**

ক. $x^2 + 8x + 15$ খ. $x^2 - 15$
গ. $x^2 + 2x - 15$ ঘ. $x^2 + 2x + 15$


উত্তর ✓ গ ব্যাখ্যা $(x + 5)(x - 3) = x^2 - 3x + 5x - 15$
$= x^2 + 2x - 15$

**৩৩. দুটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্র হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ-**

ক. সরল কোণ খ. সমকোণ
গ. স্থূল কোণ ঘ. সূক্ষ্মকোণ

উত্তর ✓ ক ব্যাখ্যা আমরা জানি, বৃত্তের যে কোনো বিন্দুতে অংকিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।

$\therefore \angle AOC = 90°, \angle BOC = 90°$





$\therefore \angle AOC + \angle BOC = 90° + 90° = 180°$ বা এক সরলকোণ

$\therefore$ AO ও BO এর মধ্যবর্তী কোণ সরল কোণ।

**৩৪. যে সামন্তরিকের সকল বাহু সমান, কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে বলে-**

ক. আয়তক্ষেত্র খ. ট্রাপিজিয়াম
গ. বর্গক্ষেত্র ঘ. রম্বস

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যে চর্তুভুজের সকল বাহু সমান ও পরস্পর সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।




চিত্রে ABCD একটি রম্বস।

**৩৫. যদি ১২ জন পুরুষ অথবা ১৮ জন মহিলা একটি কাজ করে ১৪ দিনে, তাহলে ৮ জন পুরুষ এবং ১৬ জন মহিলা একত্রে কাজটি করতে কতদিন সময় লাগবে?**

ক. ৭ দিন খ. ৯ দিন
গ. ৫ দিন ঘ. ৬ দিন

উত্তর খ

৩৬. ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬ জন অনুত্তীর্ণ হলে উত্তীর্ণ পরীক্ষার্থীর শতকরা হার-

ক. ৫৩% খ. ৬১%
গ. ৬০% ঘ. ৬৫%

উত্তর ✓ গ ব্যাখ্যা উত্তীর্ণ হয় = ৪০ − ১৬ = ২৪ জন

৪০ জনে উত্তীর্ণ হয় ২৪ জন

১ " " " $\frac{২৪}{৪০}$ "

∴ ১০০ " " " $\frac{২৪ \times ১০০}{৪০}$ "

= ৬০ জন

৩৭. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে, বালিকাদের গড় বয়স কত?

ক. ১৪ বছর খ. ১৪ বছর ৪ মাস
গ. ১৪ বছর ৬ মাস ঘ. ১৪ বছর ৮ মাস উত্তর খ

৩৮. পিতা ও ২ সন্তানের বয়সের গড় ৩০ বছর। ২ সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?

ক. ৫০ বছর খ. ৬০ বছর
গ. ৫৫ বছর ঘ. ৪০ বছর

উত্তর ✓ ক ব্যাখ্যা পিতা ও দুই সন্তানের মোট বয়স

= ৩০ × ৩ = ৯০ বছর

দুই সন্তানের মোট বয়স = ২০ × ২ = ৪০ বছর

∴ পিতার বয়স = (৯০ − ৪০) = ৫০ বছর

৩৯. এক কুড়ি কলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কলা ৩৬ টাকায় বিক্রয় করা হল। শতকরা কত টাকা লাভ হবে?

ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫%

উত্তর ✓ গ ব্যাখ্যা

১ কুড়ি বা ২০ টি কলার ক্রয়মূল্য ৫০ টাকা

১ ডজন বা ১২ টি কলার ক্রয়মূল্য $\left(\frac{৫০}{২০} \times ১২\right)$ টাকা

= ৩০ টাকা

লাভ = (৩৬ − ৩০) টাকা = ৬ টাকা

৩০ টাকায় লাভ হয় ৬ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় $\left(\frac{৬}{৩০} \times ১০০\right)$ টাকা = ২০ টাকা

৪০. এক ডজন আম ৩৬ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ২৫% ক্ষতি হবে?

ক. ৫ টাকা খ. ৬ টাকা
গ. ৮ টাকা ঘ. ৯ টাকা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

১ ডজন বা ১২ টি আমের ক্রয়মূল্য ৩৬ টাকা

∴ ১ হালি বা ৪ " " " $\frac{৩৬ \times ৪}{১২}$ টাকা = ১২ টাকা

বিক্রয়মূল্য = $\frac{১০০ - ক্ষতি}{১০০}$ × ক্রয়মূল্য

= $\frac{১০০ - ২৫}{১০০} \times ১২$

= $\frac{৭৫}{১০০} \times ১২$

= ৯ টাকা

৪১. দুটি রাশির অনুপাত ৮ : ১৫। পূর্ব রাশি ৪০ হলে, উত্তর রাশি কত?

ক. ১৫ খ. ৪৫
গ. ৭৫ ঘ. ১২০

উত্তর ✓ গ ব্যাখ্যা মনে করি, উত্তর রাশি x

∴ ৮ : ১৫ = ৪০ : x

বা, $\frac{৮}{১৫} = \frac{৪০}{x}$

বা, x = $\frac{৪০ \times ১৫}{৮}$ = ৭৫

∴ x = ৭৫

৪২. ক ও খ-এর বেতনের অনুপাত ৭ : ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে, খ এর বেতন কত?

ক. ৯০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১১০০ টাকা ঘ. ১৬০০ টাকা উত্তর খ

৪৩. করিমের আয় রহিমের আয় অপেক্ষা ২৫% বেশি। রহিমের আয় করিমের আয় অপেক্ষা শতকরা কত কম?

ক. ২০% খ. ২৫%
গ. ৭৫% ঘ. ১৫%

উত্তর ✓ ক ব্যাখ্যা

করিমের আয় ১২৫ টাকা হলে রহিমের আয় ১০০ টাকা

" " ১ " " " " $\frac{১০০}{১২৫}$ "

" " ১০০ " " " " $\frac{১০০ \times ১০০}{১২৫}$ "

= ৮০ টাকা

করিমের বেতন বেশি = (১০০ − ৮০) = ২০ টাকা

বিকল্প : $\left[\frac{r}{১০০ + r} \times ১০০\right]\%$

= $\frac{২৫}{১০০ + ২৫} \times ১০০$

= $\frac{২৫}{১২৫} \times ১০০$

= ২০%

৪৪. ৭, ১০, ১৬, ২৮, ৫২ ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৭৪ খ. ১০০
গ. ১০৪ ঘ. ১৫০

উত্তর ✓ খ ব্যাখ্যা

| | ৭ | ১০ | ১৬ | ২৮ | ৫২ | ১০০ |
|---|---|---|---|---|---|---|
| ব্যবধান | ৩ | ৬ | ১২ | ২৪ | ৪৮ | |

৪৫. ১, ৫, ১৩, ২৯, ৬১ ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৮০ খ. ১০০
গ. ১২০ ঘ. ১২৫ উত্তর ঘ

৪৬. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?

ক. কপার খ. জিংক
গ. অ্যালুমিনিয়াম ঘ. পারদ উত্তর গ

www.exambd.net



৪৭. ফরমালিন হলো ফরমালডিহাইডের-
ক. ৪০% জলীয় দ্রবণ
খ. ৩০% জলীয় দ্রবণ
গ. ২০% জলীয় দ্রবণ
ঘ. ১০% জলীয় দ্রবণ

উত্তর ✓ ক ব্যাখ্যা ফরমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণকে ফরমালিন বলে। এটি পচন নিবারণে এবং বস্তুর জৈব সংরক্ষণে ব্যবহার করা হয়।

৪৮. কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম?
ক. বেগুনি আলো
খ. নীল আলো
গ. হলুদ আলো
ঘ. লাল আলো
উত্তর ক

৪৯. গোধূলির কারণ কী?
ক. প্রতিফলন
খ. বিক্ষেপণ
গ. প্রতিসরণ
ঘ. ব্যতিচার
উত্তর খ

৫০. নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়?
ক. নির্দেশনমুখ
খ. যুক্তি বর্তনী
গ. স্মৃতি
ঘ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কম্পিউটারের যে অংশে ডেটা প্রক্রিয়াকরণের কাজ করে তাকে কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট বলে। এটি কম্পিউটারের মস্তিষ্ক নামে পরিচিত।

৫১. মনিটরের কাজ হলো–
ক. গাণিতিক সমাধান করা
খ. বিভিন্ন কাজের মধ্যে সংগতি স্থাপন করা
গ. লেখা ও ছবি দেখানো
ঘ. এর কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা মনিটর হলো আউটপুট ডিভাইস যা দেখতে টেলিভিশনের মত। এটি লেখা, ছবি, রেখাচিত্র, নকশা ইত্যাদি দেখার কাজে ব্যবহৃত হয়।

৫২. মাছির পা থাকে-
ক. ৬টি
খ. ৪টি
গ. ৮টি
ঘ. ১০টি
উত্তর ক

৫৩. করোটিতে কয়টি অস্থি থাকে?
ক. ২৭
খ. ২৮
গ. ২৯
ঘ. ৩০
উত্তর গ

৫৪. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না–
ক. শ্বসন
খ. অভিস্রবণ
গ. রেচন
ঘ. সালোকসংশ্লেষণ
উত্তর ঘ

৫৫. উদ্ভিদের বৃদ্ধি সবচেয়ে বেশি হয়–
ক. কাণ্ডের অগ্রভাগে
খ. পাতায়
গ. মূলের অগ্রভাগে
ঘ. মূল ও কাণ্ডের অগ্রভাগে
উত্তর ঘ

৫৬. সূর্য অপেক্ষা পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ শক্তি প্রায়–
ক. দ্বিগুণ
খ. তিনগুণ
গ. চারগুণ
ঘ. ছয়গুণ
উত্তর ক

৫৭. পরিচলন বৃষ্টি বেশি হয় কোন অঞ্চলে?
ক. মেরু অঞ্চলে
খ. শীত প্রধান অঞ্চলে
গ. নাতিশীতোষ্ণ অঞ্চলে
ঘ. নিরক্ষীয় অঞ্চলে
উত্তর ঘ

৫৮. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–
ক. ২৩ মার্চ
খ. ২১ জুন
গ. ১ জুলাই
ঘ. ১ ডিসেম্বর
উত্তর খ

৫৯. পৃথিবীর শক্তির মূল উৎস-
ক. অভিকর্ষ শক্তি
খ. মাধ্যাকর্ষণ শক্তি
গ. পারমাণবিক শক্তি
ঘ. সূর্য

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সূর্যের কেন্দ্রভাগের উত্তাপ পনের কোটি ডিগ্রী সেন্টিগ্রেড এবং পৃষ্ঠভাগের উত্তাপ সাড়ে ছয় হাজার ডিগ্রী সেন্টিগ্রেড। সূর্যতাপের দুইশত কোটি ভাগের একভাগ পৃথিবীতে আসে। সূর্যই পৃথিবীর শক্তির মূল উৎস।

৬০. উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কত?
ক. ১৫০ নটিক্যাল মাইল
খ. ২২৫ নটিক্যাল মাইল
গ. ২০০ নটিক্যাল মাইল
ঘ. ১৭০ নটিক্যাল মাইল

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের মোট সীমানা ৫১৩৮ কিলোমিটার। এর মধ্যে জলসীমা ৭১১ কিলোমিটার। বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪০ কিলোমিটার। আঞ্চলিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল এবং সংলগ্ন এলাকা ১৮ নটিক্যাল মাইল।

৬১. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে?
ক. এভারেস্ট
খ. কাঞ্চনজঙ্ঘা
গ. কৈলাস
ঘ. গডউইন অস্টিন

উত্তর ✓ গ ব্যাখ্যা ব্রহ্মপুত্র নদের উৎপত্তি হয়েছে তীব্বতে অবস্থিত হিমালয় পর্বতমালার কৈলাশ শৃঙ্গের মানস সরোবর থেকে। যা সমুদ্রপৃষ্ঠ থেকে ৫২১০ মিটার উঁচুতে অবস্থিত। ব্রহ্মপুত্র পতিত হয়েছে বঙ্গোপসাগরে এবং মোট দৈর্ঘ্য ২৮৫০ কিলোমিটার। ব্রহ্মপুত্র চীন, ভারত ও বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত হয়েছে।

৬২. মেঘনা নদী ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে-
ক. চাঁদপুরের কাছে
খ. ভৈরব বাজারে
গ. গোয়ালন্দে
ঘ. নারায়ণগঞ্জে

উত্তর ✓ খ ব্যাখ্যা কিশোরগঞ্জের ভৈরব বাজারে মেঘনা নদী পুরাতন ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়ে মেঘনা নামে প্রবাহিত হয়েছে। মেঘনা নদী পরবর্তীতে চাঁদপুরে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা মেঘনা নামে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৬৩. ভূ-প্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে ভাগ করা হয়েছে–
ক. ৩টি অঞ্চলে
খ. ৪টি অঞ্চলে
গ. ৫টি অঞ্চলে
ঘ. ৬টি অঞ্চলে

উত্তর ✓ ক ব্যাখ্যা ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে তিন ভাগে ভাগ করা হয়েছে।
১. টারশিয়ারি যুগের পাহাড়সমূহ,
২. প্লাইস্টোসিন কালের সোপানসমূহ,
৩. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি।

৬৪. ব্রিটিশ আমলে বাংলাদেশে যেসব আন্দোলন হয়েছিল তার মধ্যে কোনটি প্রধান?
ক. কোরায়েশী আন্দোলন
খ. হাসেমী আন্দোলন
গ. ফরায়েজী আন্দোলন
ঘ. সৈয়দী আন্দোলন

উত্তর ✓ গ ব্যাখ্যা ফরায়েজী আন্দোলন অর্থ ফরজ পালনের জন্য আন্দোলন। হাজী শরীয়তুল্লাহ ১৮১৮ সালে ফরায়েজী আন্দোলন শুরু করেন। ১৮৪০ সালে হাজী শরীয়তুল্লাহর মৃত্যু হলে ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন দুদু মিয়া। দুদু মিয়ার আসল নাম পীর মুহসিনউদ্দীন আহমদ।

৬৫. কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯০৩ সালে
খ. ১৯০৪ সালে
গ. ১৯০৫ সালে
ঘ. ১৯০৬ সালে

উত্তর ✓ ঘ ব্যাখ্যা মুসলিম লীগের প্রকৃত নাম ছিল 'নিখিল ভারত মুসলিম লীগ'। নওয়াব সলিমুল্লাহর উদ্যোগে ঢাকায় নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় ৩০ ডিসেম্বর ১৯০৬ সালে। মুসলিম লীগের প্রথম অধিবেশন হয় ঢাকায় নওয়াব ভিকারুলমুলক এর সভাপতিত্বে।

...LICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

...ভঙ্গের পরেই ঢাকায় কি নির্মিত হয়?

...সুরম্য অট্টালিকা　　খ. কার্জন হল

... হাইকোর্ট　　ঘ. এর সবগুলোই

উত্তর ✓ ঘ ব্যাখ্যা লর্ড কার্জন ১৬ অক্টোবর ১৯০৫ সালে বঙ্গ প্রদেশকে দুই ভাগে বিভক্ত করেন। একটি 'পূর্ববঙ্গ ও আসাম' অপরটি 'পশ্চিমবঙ্গ'। 'পূর্ববঙ্গ ও আসাম' রাজ্যের রাজধানী করা হয় ঢাকা। রাজধানী হওয়ার কারণে ঢাকায় হাইকোর্ট, সুরম্য অট্টালিকা, কার্জন হল প্রভৃতি নির্মিত হয়। পরবর্তীতে লর্ড হার্ডিঞ্জ ১৯১১ সালের ১২ ডিসেম্বর বঙ্গভঙ্গ রদ করেন।

৬৭. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?

ক. এ. কে. ফজলুল হক　　খ. ইস্কান্দার মীর্জা

গ. চৌধুরী খালেকুজ্জামান　　ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী

উত্তর ✓ Blank ব্যাখ্যা

| পরিচয় | নাম |
|---|---|
| স্যার ফ্রেডারিক চামারস বোর্ন | পূর্ব পাকিস্তানের প্রথম গভর্নর |
| খাজা নাজিম উদ্দীন | পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী |
| লিয়াকত আলী খান | পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী |
| মেজর জেনারেল ইস্কান্দার আলী মির্জা | পাকিস্তানের প্রথম রাষ্ট্রপতি |
| মোহাম্মদ আলী জিন্নাহ্ | পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল |

সঠিক উত্তর নেই। পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তানের প্রথম গভর্নর স্যার ফ্রেডারিক চামারস বোর্ন। পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী স্যার খাজা নাজিম উদ্দিন। পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান, প্রথম রাষ্ট্রপতি মেজর জেনারেল ইস্কান্দার আলী মির্জা এবং প্রথম গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নাহ।

৬৮. কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন?

ক. গান্ধীজি　　খ. মাওলানা শওকত আলী

গ. জহরলাল নেহেরু　　ঘ. বিপিনচন্দ্র পাল

উত্তর ✓ ক ব্যাখ্যা অহিংস ও অসহযোগ আন্দোলনের জনক মহাত্মা গান্ধী। মহাত্মা গান্ধীর প্রকৃত নাম মোহনদাস করমচাঁদ গান্ধী। অসহযোগ আন্দোলনের সময়কাল ছিল ১৯২০-১৯২২ সাল। আন্দোলনের নামে হিংসাত্মক ঘটনা ঘটানোর প্রেক্ষিতে গান্ধীজি অসহযোগ আন্দোলন বন্ধ করতে বাধ্য হন।

৬৯. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

ক. জয়নুল আবেদীন　　খ. কামরুল হাসান

গ. হাসেম খান　　ঘ. হামিদুর রহমান

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় পতাকার রূপকার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে। জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০:৬ বা ৫:৩। সংবিধানের ৪(২)নং অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় পতাকা হচ্ছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত।

৭০. শহিদ বুদ্ধিজীবী দিবস কবে পালন করা হয়?

ক. ১২ ডিসেম্বর　　খ. ১৩ ডিসেম্বর

গ. ১৪ ডিসেম্বর　　ঘ. ১১ ডিসেম্বর

উত্তর ✓ গ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের শেষ দিকে পরাজয় নিশ্চিত বুঝতে পেরে পাক হানাদার বাহিনী এদেশের বুদ্ধিজীবীদের হত্যার চক্রান্ত করে। একাজে রাজাকার, আলবদর, আলশামস তাদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করে। ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়।

৭১. আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?

ক. ৭ মার্চ ১৯৭১　　খ. ২৫ মার্চ ১৯৭১

গ. ১০ এপ্রিল ১৯৭১　　ঘ. ১৭ মার্চ ১৯৭১

উত্তর ✓ গ ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় এবং মুজিবনগর সরকার গঠিত হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্র পঠিত হয় এবং মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

৭২. বীরশ্রেষ্ঠ পদক প্রাপ্তদের সংখ্যা কত?

ক. পাঁচ　　খ. ছয়

গ. সাত　　ঘ. আট

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশে সর্বোচ্চ বীরত্বসূচক খেতাব বীরশ্রেষ্ঠ। বীরশ্রেষ্ঠ খেতাবপ্রাপ্ত যোদ্ধা ৭ জন। ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, সিপাহি মোস্তফা কামাল, সিপাহি হামিদুর রহমান, ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান এবং ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন।

৭৩. নিউমোনিয়া রোগটি হয়-

ক. হৃৎপিণ্ডে　　খ. ফুসফুসে

গ. যকৃতে　　ঘ. কিডনীতে

উত্তর ✓ খ ব্যাখ্যা ফুসফুসের প্রদাহ মূলত নিউমোনিয়া নামে পরিচিত।

৭৪. রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ায় প্রধানত-

ক. ভিটামিন　　খ. পানি

গ. শর্করা　　ঘ. স্নেহ　　উত্তর ক

৭৫. সবচেয়ে কঠিন পদার্থ-

ক. গ্রাফাইট　　খ. টাংস্টেন

গ. প্লাটিনাম　　ঘ. হীরা　　উত্তর ঘ

৭৬. আলোর বর্ণ নির্ধারণ করে তার-

ক. বিস্তার　　খ. গতিবেগ

গ. তরঙ্গদৈর্ঘ্য　　ঘ. কোনোটিই নয়　　উত্তর গ

৭৭. কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?

ক. নীল আলো　　খ. বেগুনি আলো

গ. হলুদ আলো　　ঘ. লাল আলো　　উত্তর ঘ

৭৮. ক্ষমতার একক-

ক. ওয়াট　　খ. জুল

গ. ক্যালরি　　ঘ. নিউটন　　উত্তর ক

৭৯. পৃথিবীর নিকটতম গ্রহ-

ক. মঙ্গল　　খ. বুধ

গ. শুক্র　　ঘ. বৃহস্পতি　　উত্তর গ

৮০. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে?

ক. ১০.৫৬ মিনিট　　খ. ৯.১২ মিনিট

গ. ৭.৯৬ মিনিট　　ঘ. ৮.৩২ মিনিট

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে ৫০০ সেকেন্ড বা ৮.৩২ মিনিট লাগে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS